জুলাই সনদ বাস্তবায়নে অঙ্গীকারবদ্ধ সরকার: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

জুলাই সনদে বিএনপি যেভাবে স্বাক্ষর করেছে, সেভাবেই তা বাস্তবায়ন হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।

মঙ্গলবার (১৩ অক্টোবর) সংবিধান সংশোধন কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের তিনি বলেন, সংবিধান সংশোধন জাতির প্রতি অঙ্গীকার।

প্রয়োজনে জুলাই সনদের বাইরেও কিছু বিষয় যুক্ত করা হবে জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, “সরকারি দলের আন্তরিকতার অভাব নেই। বিরোধী দল না এলেও জুলাই সনদ বাস্তবায়ন করা হবে।”

বিরোধী দল অংশ না নিলে বিতর্কের সুযোগ থাকবে উল্লেখ করে তিনি বলেন, “তারা তাদের অঙ্গীকার না রাখলে জাতি দেখবে।”

এ সময় সংবিধান সংশোধনসংক্রান্ত বিশেষ কমিটিতে বিরোধী দল আসবে বলে আশা প্রকাশ করেন সালাহউদ্দিন আহমদ।

LENS ASIA